৬। (ক) 'সেখানে গঙ্গার ধারে আমার পূর্বপুরুষদের একটা মস্ত বাড়ি আছে।'— কোন গল্প থেকে নেওয়া হয়েছে? বাড়িটির ইতিহাস বর্ণনা করে এর বর্তমান পরিস্থিতি কেমন ছিল বলো। ১+৪

*অথবা,*

(খ) অহিদিদির বন্ধু কারা ছিল? তাদের ওই অবস্থা কীভাবে হয়? ২+৩

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) শজারুর কাঁটা (আকৃতি এবং উপন্যাসে এর ভূমিকা)।

(খ) প্রফেসর শঙ্কু (চেহারা এবং কর্মকাণ্ডের সংক্ষিপ্ত বর্ণনা)।

(গ) ভূত ('সব ভুতুড়ে'র গ্রন্থ-পরিচয় অবলম্বনে)।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) ফাগুরামের প্রাত্যহিক আয় কত ছিল?

(খ) শজারুর কাঁটাবিদ্ধ চতুর্থ ব্যক্তিটি কে ছিল?

(গ) দেবাশিসের কীসের ব্যবসা ছিল?

(ঘ) নৃপতিবাবুর বাড়িতে আগত অভিনেতাটির নাম কী ছিল?

(ঙ) 'ব্যোমযাত্রীর ডায়রি' গল্পটি প্রথম কোথায় প্রকাশিত হয়েছিল?

(চ) প্রফেসর শঙ্কু প্রাতর্ভ্রমণে কোথায় যেতেন?

(ছ) টেরাটম গ্রহের প্রাণীরা আসলে কী ছিল?

(জ) 'মহাকাশের দূত' গল্পের সূচনায় কে, কোথা থেকে শঙ্কুকে পত্র লিখেছিলেন?

(ঝ) 'শঙ্কু ও আদিম মানুষ' গল্পে কে, কাকে আদিম মানুষে রূপান্তরিত করে?

(ঞ) লক্ষ্মী কে ছিল?

(ট) 'কাঠপুতলি' গল্পে কোন বিখ্যাত জায়গার উল্লেখ আছে?

(ঠ) 'খাগায় নমঃ' গল্পের কালো পালকটির বর্ণনা দাও।

(ড) 'ফ্যান্টাস্টিক' গল্পে যে কুকুরটির উল্লেখ আছে তার নাম কী ছিল?

(ঢ) 'চোর' গল্পের বক্তা কোথা থেকে, কী চুরি করেছিল?

(ণ) ফ্রাঙ্কেনস্টাইনের বাড়ির নাম কী ছিল?

---

